


# Online Travel Agency Management System (OTAMS)

# OTAMS এর ব্যবহারিক নির্দেশিকা

## সংস্করণ ০.১.১

### ট্র্যাভেল এজেন্সির ব্যবহারকারীর জন্য

**বিজনেস অটোমেশন লিঃ**

এসটিপি-১, বিডিবিএল ভবন (৯ম তলা), ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ +৮৮০৯৬০২৬৬৭৭৬-৭, ৯১৩৪৫১০, ৯১৩৪৫১১, ফ্যাক্সঃ ৯১৪৩৬৫৬

web: www.batworld.com

# সূচনা

অনলাইন ট্রাভেল এজেন্সি ম্যানেজমেন্ট সিস্টেম (OTAMS) বাংলাদেশের সকল ট্রাভেল এজেন্সির নিবন্ধন পাওয়ার ক্ষেত্রে একটি যুগোপযোগী সিস্টেমের অবতারণা করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের ক্ষেত্রে অত্যান্ত দক্ষতার সঙ্গে বিজনেস অটোমেশন লিমিটেডের এক ঝাক সফটওয়্যার ইঞ্জিনিয়ার এই সিস্টেমটি তৈরি করেছে। সিস্টেমটি এমনভাবে তৈরি হয়েছে যেন প্রত্যেক ট্রাভেল এজেন্সি নিজেদের কার্যালয় হতে সরাসরি অনলাইনে নিবন্ধন,নবায়ন,বাতিলসহ ইত্যাদি কার্যক্রমের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে আবেদন করতে পারে।অনলাইনে আবেদপত্র গ্রহণ করে অত্র মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ যাচাই-বাচাই শেষে অনলাইনে ট্রাভেল এজেন্সিসমূহকে তাঁদের প্রতিক্রিয়া জানাবেন। এটি একটি স্বয়ংক্রিয় প্রক্রিয়া হওয়ায় এজেন্সিসমূহ কর্তৃক তাদের আবেদনের সর্বশেষ হালনাগাদ অবস্থা জানতে পারবেন। যেকোন আবেদনপত্র অনুমোদন হওয়ার সঙ্গে সঙ্গে মোবাইলে মেসেজ ও ই-মেইলের মাধ্যমে এজেন্সিসমূহেকে অবহিত করা হয়। সবশেষে আবেদনপত্র অনুমোদনের পর নিবন্ধন কর্তৃপক্ষের স্বাক্ষরিত সনদ এজেন্সিসমূহের কাছে অনলাইনে প্রেরণ করা হয় এবং সিস্টেমে সনদটি সংরক্ষিত হয়ে থাকে।

Travel Agency সিস্টেমটি কিভাবে ব্যবহার করবেন তার উপর এই ইউজার মেনুয়্যালটি তৈরি হয়েছে। তাদের সুবিধার্থে ধাপে ধাপে বিষয়গুলো উপস্থাপন করা হয়েছে।


Draft(খসড়া)


## ১। ট্র্যাভেল এজেন্সির জন্য ইউজার তৈরিঃ

ট্র্যাভেল এজেন্সির জন্য সর্ব প্রথম ইউজার তৈরি করতে হবে। ইউজার তৈরি করার জন্য regtravelagency.gov.bd থেকে Sign Up অপশনে ক্লিক করতে হবে।




Sign Up অপশনে ক্লিক করার পর নিম্নের মত একটি পেজ আসবে। যেখানে সংশ্লিষ্ট এজেন্সির মালিকের বিভিন্ন তথ্য পূরণ পূর্বক ইউজার তৈরি করতে হবে। এখানে এজেন্সির নিজস্ব লেটার হেড প্যাডে একটি আবেদনপত্র সংযুক্ত করতে হবে।







Submit অপশনে ক্লিক করার পর প্রদানকৃত ই-মেইলে একটি এ্যাক্টিভেশন লিংক যাবে নিম্নের মত। এই লিংকে ক্লিক করতে হবে।





ই-মেইলে থেকে এ্যাক্টিভেশন লিংকে ক্লিক করার পর ইউজারের তথ্যাবলি যাচাইয়ের জন্য একটি পেজ ওপেন হবে।


যেখানে নবায়নের জন্য “ইতোমধ্যে নিবন্ধিত” সিলেক্ট করে নিম্ন থেকে যে এজেন্সির নবায়নের জন্য ইউজার নিচ্ছেন সেই এজেন্সির নাম ব্রাউজ করে ধরিয়ে দিন।



যারা নতুন নিবন্ধনের জন্য ইউজার নিচ্ছেন তারা “নতুন এজেন্সির জন্য আবেদন” অপশনে ক্লিক করুন। নতুন এজেন্সির নাম ইংরেজি এবং বাংলায় লিখে নিম্ন থেকে Save and Continue এ ক্লিক করুন।




এরপর ই-মেইলে একটি পাসওয়ার্ড যাবে যাহা লগ-ইন করার সময় প্রয়োজন হবে। এখানে উল্লেখ্য যে আপনার ই-মেইল টি ইউজার হিসেবে ব্যবহার করতে হবে।



Dear User,

Your account password :**wyeAtLHeHf**
This is a secret password generated by the system.But to ensure your own security and convenience, you should change the password after logging in.

Thanks,
TAMS System Authority


## ২। OTAMS সিস্টেমে প্রবেশঃ

ইন্টারনেট ব্রাউজার ওপেন করে OTAMS সিস্টেমের লিংকটি(www.regtravelagency.gov.bd) লিখে এন্টার দিয়ে নিচের সিস্টেমে প্রবেশ করুন।




## OTAMS সিস্টেমে লগইনঃ


ডানদিকে লগইন অপশনে ক্লিক করে ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে এন্টার চাপুন।



ট্র্যাভেল এজেন্সি ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে প্রবেশের পর তার কন্টোল প্যানেল নিম্নের মত দেখতে পাবে। মন্ত্রণালয়ের সিস্টেম এডমিন এখনো ইউজারটি এপ্রোভ করেনি।




মন্ত্রণালয়ের সিস্টেম এডমিন ইউজারটি এপ্রোভ করলে নিম্নের মত ড্যাশবোর্ড পাবেন।




## ৩।OTAMS সিস্টেমে নতুন নিবন্ধনের আবেদপত্র প্রসেসঃ


নতুন নিবন্ধনের জন্য ইউজার ও পাসওয়ার্ড দিয়ে প্রবেশের পর বাম পাশের ট্র্যাভেল এজেন্সি মেনুতে ক্লিক করলে "Apply for Registration" অপশনে ক্লিক করুন।





"Apply for Registration" অপশনে ক্লিক করার পর উপরে ডান পাশে New Registration একটি বাটন পাবেন, এই বাটনে ক্লিক করুন।




নিম্নের মত একটি পেজ ওপেন হবে। ধাপে ধাপে সকল তথ্য দিয়ে পূরন করুন। সকল তথ্য পূরন শেষ হলে Preview তে ক্লিক করুন।




Preview তে ক্লিক করে সকল তথ্য ঠিক আছে কিনা তা এক নজরে দেখে নিতে হবে। তারপর Submit অপশনে ক্লিক করুন। এপ্লিকেশন সাবমিট হয়ে যাওয়ার পর মন্ত্রণালয়ের ইউজার এটি রিভিউ করবে। প্রয়োজনে আপনার অফিস ফিজিক্যালি ভিসিট করবে।





সকল তথ্য যাচাই করার পর মন্ত্রণালয়ের ইউজারগণ তাদের যাচাই-বাচাই শেষ করার পর নিবন্ধনের জন্য ৫০০০০ টাকা এবং ৭৫০০ টাকা ভ্যাট বাবদ পরিশোধের জন্য রিকোয়েষ্ট করবে। এজেন্সির আবেদন ফরমের উপরের দিকে টাকা জমা দানের তথ্য পূরনের জন্য কয়েকটি ফিল্ড আসবে। টাকা জমাদানের প্রমানপত্র তথ্য পূরণ করে Submit অপশনে ক্লিক করুন।



মন্ত্রনালয়ের রেজিস্ট্রেশন অথোরিটি ইউজার এপ্রোভ করে দেয়ার পর নিম্নের মত Effective Date এবং Expired Date দেখতে পারবেন।




Open এ ক্লিক করলে সর্ব প্রথম লাইনে বাংলা এবং ইংরেজীতে সার্টিফিকেট দেখতে পারবেন । উল্লেখ্য যে সার্টিফিকেটটি একবারই ডাউনলোড করতে পারবেন।ডাউনলোড করে সংরক্ষন করুন।





Government of the People's Republic Bangladesh
Ministry of Civil Aviation and Tourism

**Travel Agency Registration Certificate**

| | |
|---|---|
| Registration Certificate No: | 1000016 |
| Date: | 27-Nov-2017 |

| | |
|---|---|
| Registration Certificate issue date: | 27-Nov-2017 |
| Registration Certificate expiry date: | 26-Nov-2020 |

As per provision of section-5, Sub-Section-(2)(A) of Bangladesh Travel Agency (Registration and Control) Act, 2013 (Act LXI of 2013) and Rule-4, Sub-Rule-(2) of Bangladesh Travel Agency (Registration and Control) Rules, 2014 M/S Abdul Quader agency Proprietor Abdul Quader located at 237/8, Shamoli, Dhaka has been registered as Travel Agency for a period of 03 (Three) years from 27-Nov-2017 to 26-Nov-2020 .

Registration Authority

TEST PURPOSE ONLY
TEST PURPOSE ONLY

৪ । নবায়নের জন্য আবেদন প্রসেসঃ

Travel Agency নবায়নের জন্য বাম পাশের “নবায়নের জন্য আবেদন” মেনূতে ক্লিক করুন । ডান পাশের উপরে “নবায়নের জন্য আবেদন” বাটনে ক্লিক করুন।




নবায়নের জন্য পূর্বে প্রদানকৃত তথ্য সহ আবেদনপত্রটি ওপেন হবে। এখানে কিছু তথ্য সংযোজন করতে হবে।যেমনঃ

# ৫০০০ টাকা নবায়নের জন্য আবেদন ফি এর ট্রেজারি চালান তথ্য।


# লিমিটেড কোম্পনীর ক্ষেত্রে চার্টার্ড এ্যাকাউনট্যান্ট ফার্ম কর্তৃক নিরীক্ষিত পূর্ব্বর্তী ৩ (তিন) বৎসরের নিরীক্ষা প্রতিবেদন।


# বাৎসরিক ৫০ লক্ষ টাকা ব্যবসায়িক লেনদেন সংক্রান্ত প্রমান পত্র (৩ বছরের ১ কোটি ৫০ লক্ষ টাকার প্রমানপত্র):

# নিবন্ধন সনদ নম্বর(শুধুমাত্র নবায়নের ক্ষেত্রে) নিবন্ধন কপি সংযুক্ত করতে হবে:


**<u>প্রয়োজনে ১ থেকে ৫ নতুন ফাইল এ্যাটাচ করতে পারেন</u>**

১।ট্রেড লাইসেন্স কপি, ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ: (ক) ভবনের মালিকানা(নিজসব/ভাড়াকৃত), ২। আয়তন: ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমানপত্র অথবা ভাড়ার চুক্তিপত্রের কপি,৩। কোম্পানী হইলে মেমোরেন্ডাম অব এসোসিয়েশন,৪ ।আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকুর্পোরেশনের সত্যায়িত অনুলিপি কপি,৫। হলফনামা কপি সংযুক্ত করিতে হইবে:







চালানসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সংযোজন এবং পূরণ করার পর Submit বাটনে ক্লিক করতে হবে।





Draft


সকল তথ্য যাচাই করার পর মন্ত্রণালয়ের ইউজারগণ তাদের যাচাই-বাচাই শেষ করার পর নবায়নের জন্য ২৫০০০ টাকা এবং ৩৭৫০ টাকা ভ্যাট বাবদ পরিশোধের জন্য রিকোয়েষ্ট করবে। এজেন্সির নবায়নের আবেদন ফরমের উপরের দিকে টাকা জমা দানের তথ্য পূরনের জন্য কয়েকটি ফিল্ড আসবে। টাকা জমাদানের প্রমানপত্র তথ্য পূরণ করে Submit অপশনে ক্লিক করুন।




নবায়নের আবেদন মন্ত্রনালয়ের রেজিস্ট্রেশন অথোরিটি ইউজার এপ্রোভ করে দেয়ার পর নিম্নের মত Effective Date এবং Expired Date দেখতে পারবেন।





Open এ ক্লিক করলে সর্ব প্রথম লাইনে বাংলা এবং ইংরেজীতে সার্টিফিকেট দেখতে পারবেন । উল্লেখ্য যে সার্টিফিকেটটি একবারই ডাউনলোড করতে পারবেন।ডাউনলোড করে সংরক্ষন করুন।




৫। ট্র্যাভেল এজেন্সি বাতিলের জন্য আবেদনঃ

বাম পাশের বাতিলের জন্য আবেদন মেনুতে ক্লিক করতে হবে। তারপর উপরের বাম পাশের "বাতিলের জন্য আবেদন" অপশনে ক্লিক করতে হবে।




বাম পাশের বাতিলের জন্য আবেদন মেনুতে ক্লিক করার পর নিম্নের মত পেজ আসবে। এখানে বিষয়, বাতিলের কারণ ও এ্যাটাচমেন্ট দিয়ে Submit করতে হবে।




৬। অভিযোগ ব্যবস্থাপনাঃ

কোন অভিযোগ থাকলে "অভিযোগ" অপশনে ক্লিক করে নতুন অভিযোগ এ ক্লিক করতে হবে। তারপর আপনার অভিযোগটি লিখে সাবমিট বাটনে ক্লিক করুন।

